**রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ**
**শ্রেণি: নবম**
**বিষয়: ব্যবসায় উদ্যোগ**
**অধ্যায় : ৬ষ্ঠ ( ব্যবসায় পরিকল্পনা)**
**লেকচার শীট, সাজেশন্স ও নমুনা প্রশ্ন**

## ব্যবসায় পরিকল্পনার ধারণা

**ব্যবসায় পরিকল্পনা হলো ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি ও নীলনকশা। একটি ব্যবসায়কে সফল করতে এবং ব্যবসায়িক লক্ষ্য ও উদ্দেশ্য অর্জন করতে যে পরিকল্পনা বা কর্মসূচি গ্রহণ করা হয় তাই ব্যবসায় পরিকল্পনা। পরিকল্পনা হলো ব্যবসায়ের দিকনির্দেশনার যন্ত্রস্বরুপ। এটি সঠিক হলে ব্যবসায় সফল হওয়া যায়। ভূল হলে ব্যবসায় ব্যর্থ হবে।**

## ব্যবসায় পরিকল্পনা প্রণয়নের ধাপসমূহ

ব্যবসায় পরিকল্পনা প্রণয়নের জন্য বিভিন্ন তথ্যের প্রয়োজন। প্রাপ্ত তথ্যের ব্যাখ্যা-বিশ্লেষণ, যাচাই-বাছাইয়ের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করতে হয়। পরিকল্পনা প্রনয়নে বা গ্রহণে এ ধরনের বেশ কয়েকটি ধাপ অনুসরণ করতে হয়। যা একটি সঠিক ব্যবসায় পরিকল্পনা গ্রহণে সহায়তা করে।

## ব্যবসায় পরিকল্পনা প্রতিবেদনের প্রয়োজনীয় আর্থিক বিবরণীসমূহ

ব্যবসায় পরিকল্পনা প্রণয়নের সর্বশেষ ধাপ হলো আর্থিক প্রতিবেদন তৈরি। আর্থিক এই প্রতিবেদন বা বিবরণীতে প্রকল্পের মোট ব্যয়, চলতি পুঁজি, নগদ প্রবাহ, উৎপাদিত পণ্যের ব্যয় ইত্যাদি বিষয় উল্লেখ থাকে। এ ছাড়া আয়-ব্যয় বিবরণী ও উদ্বর্তপত্র সংযুক্ত করা হয়।

**<u>জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর:</u>**

**প্রশ্ন-১:**ব্যবসায় পরিকল্পনা কি?

**উত্তর:** ব্যবসায় পরিকল্পনা হলো ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি।

**প্রশ্ন-২:** ব্যবসায় পরিকল্পনা কার সাথে তুলনা করা যায়?

**উত্তর:** ব্যবসায় পরিকল্পনা ভ্রমণকারীর জন্য রোডম্যাপ এবং একজন দালান নির্মাতার নকশার সাথে তুলনা করা যেতে পারে ।

**প্রশ্ন-৩:** প্রকল্প ধারণার জন্ম হয় কী করে?

**উত্তর:** সাধারণত পণ্য বা সেবা-সামগ্রী চাহিদা প্রকল্প ধারণার জন্ম দেয়।

**প্রশ্ন-৪:** প্রকল্প কী?

**উত্তর:** প্রকল্প হচ্ছে কোন নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট লক্ষ্য বাস্তবায়নে প্রণীত পরিকল্পনা ও সুচিন্তিত কর্মপদ্ধতিফ্রানসাইজি ও ফ্রানসাইজার উভয়ের উদ্দেশ অর্থ উপার্জন করা।

**প্রশ্ন-৫:** ব্যবসায়ে প্রকল্প প্রণয়ণের পদক্ষেপ কয়টি ও কীকী?

**উত্তর:** সাধারণত একটি তথ্যনির্ভর ও বাস্তবভিত্তিক ব্যবসায় পরিকল্পনা তিনটি ধাপে সম্পন্ন হয়ে থাকে। যথা-প্রকল্প ধারণা চিহ্নিতকরণ; ধারণা মূল্যায়ণ; প্রকল্প নির্বাচন; ব্যবসায় প্রকল্প প্রতিবেদন প্রণয়ন।

**প্রশ্ন-৬:** কোনটি থেকে প্রকল্প সূত্রপাত হয়?

**উত্তর:** পণ্যের ধারণা থেকেই প্রকল্পের সূত্রপাত হয়।

**প্রশ্ন-৭:** প্রকল্প নির্বাচনের পদ্ধতি দুইটি কিকি?

**উত্তর:** প্রকল্প নির্বাচনের পদ্ধতি দুইটি হলো- ১। ম্যাক্রোস্ক্রিনিং এবং ২। মাইক্রোস্ক্রিনিং

**প্রশ্ন-৮:** ম্যাক্রোস্ক্রিনিং কি?

**উত্তর:** প্রকল্প নির্বাচনের একটি প্রাথমিক পদক্ষেপ হলো ম্যাক্রোস্ক্রিনিং ।

**প্রশ্ন-৯:** মাইক্রোস্ক্রিনিং কী?

**উত্তর:** যে পদ্ধতির মাধ্যমে চূড়ান্তভাবে প্রকল্প নির্বাচন করা হয় তাকে মাইক্রোস্ক্রিনিং বলা হয়।

**প্রশ্ন-১০:** গাইড লাইন কি?

**উত্তর:** যেগুলো অনুসরণ করে কোনো ব্যবসায় পরিচালিত হয়, তা-ই ওই ব্যবসায়ের গাইডরাইন।

**প্রশ্ন-১১:** প্রাক্কলিত আয় কী?

**উত্তর:** বিক্রয়লব্ধ অর্থ থেকে যে আয় হয়, তাই প্রাক্কলিত আয়।

**প্রশ্ন-১২:**স্থায়ী মূলধন কী?

**উত্তর:** যেসব খরচ ব্যবসায় শুরুর সময় একবারই করতে হয়, তা-ই স্থায়ী মূলধন।

**প্রশ্ন-১৩:** চলতি মূলধন কী?

**উত্তর:** ব্যবসায় কার্যক্রম পরিচালনার জন্য সারা বছরেই যে মূলধন প্রয়োজন হয়, তা-ই চলতি মূলধন।

**প্রশ্ন-১৪:** সম আয়-ব্যয় বিশ্লেষণ কী?

**উত্তর:** যে পরিমান পণ্য বিক্রয় করলে মোট বিক্রয়মূল্য, মোট ব্যয়ের সমপরিমান হয়, তাকে সম আয়-ব্যয় বলে।

**প্রশ্ন-১৫:** আত্মবিশ্লেষণ কী?

**উত্তর:** নিজের সক্ষমতা যাচাই করা হলো আত্মবিশ্লেষণ।

## অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর:

**প্রশ্ন-১:** ব্যবসায় প্রকল্প প্রণয়ণের প্রথম পদক্ষেপটি ব্যাখ্যা কর।

**উত্তর:** ব্যবসায় প্রকল্প প্রণয়ণের প্রথম পদক্ষেপ হলো 'প্রকল্প ধারণা চিহ্নিতকরণ'।

একজন উদ্যোক্তার প্রকল্প চিহ্নিতকরণ প্রক্রিয়ার শুরু হয় প্রকল্প ধারণা অনুভব করার সময় থেকেই। তিনি তার পারিপার্শ্বিক অবস্থা বিবেচনা করে পণ্য বা সেবার চাহিদা সম্পর্কে ধারণা লাভ করতে পারেন। প্রকল্প ধারণা চিহ্নিত করার সময় উদ্যোক্তার নিজের শখ বা আগ্রহ আছে এমন পণ্য বা সেবা নির্বাচন করতে হয়। এক্ষেত্রে বাজারে চাহিদা আছে ও নতুন প্রযুক্তি ব্যবহারের সুযোগ আছে এমন পণ্য বাছাই কারা উচিৎ।

**প্রশ্ন-২:** ব্যবসায় অর্থায়ন বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর।

**উত্তর:** সাধারণত ব্যবসায়ের জন্য অর্থ সংগ্রহ করাই হলো ব্যবসায় অর্থায়ন। ব্যবসায় পরিচালনা ও ব্যবসায়ের আর্থিক প্রয়োজন মেটানোর জন্য অর্থ সংগ্রহ, সংরক্ষন এবং সংগৃহীত অর্থের সুষ্ঠু ব্যবহার সংক্রান্ত কার্যাবলিকে ব্যবসায় অর্থায়ন বলে। যেকোনো ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য অর্থ বা মূলধনের প্রয়োজন। এ অর্থ প্রয়োজন হয় ব্যবসায় শুরু করা, ব্যবসায় কার্যক্রম সচল রাখার এবং ব্যবসায় সম্প্রসারণের জন্য।

**প্রশ্ন-৩:** ব্যবসায় ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি। ব্যাখ্যা কর।

**উত্তর :** ব্যবসায় পরিকল্পনা হলো ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি। পরিকল্পনা একটি লিখিত দলিল, যার মধ্যে ব্যবসায়ের ভবিষ্যৎ লক্ষ্য, প্রকৃতি, ব্যবস্থাপনার ধারা, অর্থায়নের উপায়, বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ উন্নয়নের সম্পূর্ণ চিত্র তুলে ধরা হয়। অর্থাৎ ব্যবসায় কোন দিকে অগ্রসর হবে ও কীভাবে ব্যবসায়ে সাফল্য অর্জন করা যাবে তার সুনির্দিষ্ট দিক নির্দেশনা ব্যবসায় পরিকল্পনায় পাওয়া যায়।

**প্রশ্ন-৪:** বাণিজ্যিক লাভজনকতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর ।

**উত্তর:** একটি প্রকল্পের ক্ষেত্রে উৎপাদন খরচের উপাদান , বিক্রয় মূল্য, আনুমানিক লাভ ইত্যাদি বিবেচনা করে যে লাভজনকতা যাচাই করা হয় তাই বাণিজ্যিক লাভজনকতা । অর্থাৎ প্রকল্পটি বাণিজ্যিকভাবে সুবিধা প্রদান করবে কিনা তা যাচাই করাই হলো বাণিজ্যিক লাভজনকতা । প্রকল্পের বাণিজ্যিক লাভজনকতা না থাকলে সেটি গ্রহণ করা হয় না ।

**প্রশ্ন-৫:** নগদ বাজেট প্রণয়ন করা হয় কেন? ব্যাখ্যা কর।

**উত্তর:** নগদের প্রকৃত অবস্থা জানার জন্য নগদ বাজেট প্রণয়ন করা হয় । নগদ বাজেট বলতে একটি প্রতিষ্ঠানের একটি সুনির্দিষ্ট সময়ের নগদ প্রাপ্তি ও পরিশোধের তুলনামূলক পূর্বানুমানকে বোঝায় । আর্থিক পরিকল্পনা প্রণয়নের সময় প্রকল্পের নগদ প্রবাহ উল্লেখ করা প্রয়োজন । ঘাটতির পরিমাণ সম্পর্কে উদ্যোক্তা ও সংশ্লিষ্টদের জানানো প্রয়োজন ।

**প্রশ্ন-৬:** পণ্য ধারণা বলতে বলতে কী বোঝ? ব্যাখ্যা কর ।

**উত্তর:** একজন উদ্যোক্তা যে ধারণা থেকে নতুন পণ্য সরবরাহের উদ্দেশ্যে ব্যবসায় প্রকল্প গ্রহণ করেন সেটিই পণ্য ধারণা ।এ পণ্য ধারণা ব্যবসায়িক পরিবেশের ওপর নির্ভরশীল । একজন উদ্যোক্ত তার পারিপার্শ্বিক অবস্থা বিবেচনা করে কোনো পণ্য বা সেবার চাহিদা সম্পর্কে ধারণা লাভ করতে পারেন । এ চাহিদার ওপর নির্ভর করে তিনি প্রকল্প নির্বাচন করেন ।

## নমুনা সৃজনশীল প্রশ্ন ও উত্তর :

### সৃজনশীল-১

সুজন গাজী লেবার কলোনি সংলগ্ন একটি ফাস্ট ফুডের দোকান প্রতিষ্ঠা করলেন, কিন্তু ক্রমাগত লোকসান দেওয়ায় পরিকল্পনা অনুযায়ী তিনি ব্যবসায় পরিবর্তন করে মুদির দোকান দিলেন । ব্যবসায় পরিবর্তনের ফলে তার প্রচুর লোকসান হল । তাই তাকে সোনালী ব্যাংক থেকে ঋন নিতে হয়েছে । তবে বর্তমানে তার মুদির দোকান লাভজনক অবস্থায় আছে ।

ক) পরিকল্পনা কী? ১
খ) ব্যবসায় পরিকল্পনা করা হয় কেন? ২
গ) একজন নতুন ব্যবসায় উদ্যোক্তাকে বিপণন পরিকল্পনা গ্রহণের ক্ষেত্রে তুমি কী কী বিষয় বিবেচনার পরামর্শ দিবে? ৩
ঘ) ব্যবসায় পরিকল্পনার গুরুত্ব অনুচ্ছেদের আলোকে মূল্যায়ন কর । ৪

**উত্তর-ক:** পরিকল্পনা বলতে ভবিষ্যৎ কী করতে হবে তা আগে থেকেই ভেবেচিন্তে ঠিক করাকে বোঝায় ।

উত্তর-খ: সঠিক পরিকল্পনা সাফল্য অর্জনের পূর্বশর্ত বিধায় ব্যবসায় পরিকল্পনা করা হয় । পরিকল্পনা হলো ব্যবসায়ের ভবিষ্যৎ কর্মপন্থার ভিত্তি । সুষ্ঠু ও সুনির্দিষ্ট ব্যবসায় পরিকল্পনা প্রণয়ন ছাড়া কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কাঙ্খিত লক্ষ্যে পৌছাতে পারেনা । তাই একজন ব্যবসায় উদ্যোক্তাকে ব্যবসায় প্রতিষ্ঠান সাফল্যের সাথে পরিচালনা করার জন্য ব্যবসায় পরিকল্পনা প্রণয়ন করতে হয় ।

উত্তর-গ: আমি একজন নতুন ব্যবসায় উদ্যোক্তাকে কী পণ্য কার কাছে, কতটুকু, কতদামে ও কীভাবে বিক্রয় করা যায়, এ বিষয়গুলো বিপণন পরিকল্পনা গ্রহণের ক্ষেত্রে বিবেচনার পরামর্শ দিচ্ছি ।

উৎপাদিত পণ্য উৎপাদকের নিকট হতে ক্রেতার কাছে প্রেরণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলিকে বিপণন বলে । বিপণন পরিকল্পনার মধ্যে ক্রয়-বিক্রয়, পরিবহণ, গুদামজাতকরণ, বিজ্ঞাপন প্রভৃতি অন্তর্ভুক্ত । বিপণন পরিকল্পনার মাধ্যমেই প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে তার উৎপাদিত পণ্য ও সেবা চূড়ান্ত ভোক্তার নিকট পৌছে দেয় ।

**উত্তর-ঘ:** ব্যবসায় শুরু, সুষ্ঠুভাবে পরিচালনা ও এর অভীষ্ট লক্ষ্য অর্জনে ব্যবসায় পরিকল্পনার গুরুত্ব অপরিসীম ।

ব্যবসায় শুরু,ব্যবসায় পরিচালনার দিক নির্দেশনা, মূলধন সংগ্রহ ও বিনিয়োগ, সরকারি সুযোগ-সুবিধার সদ্ব্যবহার, সিদ্ধান্ত গ্রহণে সহায়তা প্রভৃতি ক্ষেত্রে সুজন গাজীর নিকট ব্যবসায় পরিকল্পনার গুরুত্ব অপরিসীম । ব্যবসায় পরিকল্পনা সুজন গাজীর কাছে একটি দিক-নির্দেশক দলিল হিসেবে কাজ করে । তাছাড়া কোনো ব্যবসায়ের যখন অধিক মূলধনের প্রয়োজন দেখা দেয় এবং উদ্যোক্তার পক্ষে নিজস্ব তহবিল থেকে এ মূলধন যোগাড় করা সম্ভব হয় না, তখন তাকে ব্যাংক ঋণ বা অন্যান্য বাহ্যিক উৎস থেকে মূলধন সংগ্রহ করতে হয় । এক্ষেত্রে সোনালী ব্যাংক মূলধন সরবরাহ করার পূর্বে সুজন গাজীর মুদির দোকানের ব্যবসায় পরিকল্পনাটি বিশ্লেষন করে ঋণপ্রদান সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করে । কেননা ফরিদ গাজীর প্রথম ফাস্টফুডের ব্যবসায় পরিকল্পনা ত্রুটিপূর্ণ থাকায় তিনি লোকসানের সম্মুখীন হন কিন্তু পরবর্তীতে তিনি সুঠক ব্যবসায় পরিকল্পনার সাহায্যে মুদি দোকান দিলে তা লাভজনক হয় ।

## সৃজনশীল-২

মি কাদের ১০০০টি চেয়ার তৈরির জন্য কাঠ ক্রয় করলেন ২,০০,০০০ টাকায়, কাঠ মিস্ত্রির মজুরি দিলেন ৬৫,০০০ টাকা, কারখানার বিদ্যুৎ খরচ ২,৫০০ টাকা, অফিস ম্যানেজারের বেতন দিলেন ১০,০০০ টাকা, বিজ্ঞাপন বাবদ খরচ করলেন ৫,০০০ টাকা।

ক) কোনটি থেকে উদ্যোক্তা ব্যবসায়ের নগদের প্রকৃত অবস্থা জনতে পারেন? ১

খ) উদ্যোক্তা কীভাবে প্রকল্প নির্বাচন করেন? ২

গ) মি. কাদেরের ১০০০টি চেয়ার তৈরির উৎপাদন ব্যয় নিরূপণ কর। ৩

ঘ) মি. কাদের যদি মোট ব্যয়ের ২৫% লাভ করতে চান তবে প্রতিটি চেয়ারের বিক্রয়মূল্য কত টাকা নির্ধারণ করতে হবে? ৪

**উত্তর ক:** নগদান প্রবাহ বিবরণী তৈরি করার ফলে উদ্যোক্তা তার ব্যবসায়ের নগদের প্রকৃত অবস্থা জানতে পারে।

**উত্তর খ:** দুইটি পদ্ধতির মাধ্যমে চিহ্নিত ধারাগুলো মূল্যায়ন করে প্রকল্প নির্বাচন করা যায়। এর একটি হলো ম্যাক্রোস্ক্রিনিং এবং অন্যটি হলো মাইক্রেস্ক্রিনিং। ম্যাক্রোস্ক্রিনিং হল এমন একটি পদ্ধতি যা কতকগুলো প্রভাবক বা উপাদানের ভিত্তিতে ব্যভসায়ের ধারণাগুলো ম্যল্যায়ন করে একটি প্রকল্প ধারণা নির্বাচনে সহায়তা করে। এ প্রভাবক সংখ্যা ৬টি। আর মাইক্রেস্ক্রিনিং হল বাজার চাহিদা, কারিগরি, বাণিজ্যিক ও আর্থিক দিক এবং জাতীয় অর্থনীতিতে অবদান ইত্যাদি দিক বিবেচনা করে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করার বিস্তারিত প্রক্রিয়া।

**উত্তর গ:** মি. কাদেরর ব্যবসায়ের ১০০০টি চেয়ার তৈরির উৎপাদন ব্যয় বিবরণী নিম্নরূপ-

| বিবরণ | পরিমাণ (টাকা) | পরিমাণ (টাকা) |
|---|---|---|
| কাঠ ক্রয় | ২,০০,০০০ | |
| যোগ: কাঠ মিস্ত্রির মজুরি | ৬৫,০০০ | |
| মূখ্য ব্যয় | | ২,৬৫,০০০ |
| যোগ: কারখানার উপরিব্যয়: | | |
| কারখানা বিদ্যুৎ খরচ | | ২,৫০০ |
| কারখানা ব্যয় | | ২,৬৭,৫০০ |
| যোগ: অফিস উপরিব্যয়: | | |
| অফিস ম্যানেজারের বেতন | | ১০,০০০ |
| উৎপাদন ব্যয় | | ২,৭৭,৫০০ |

∴ মি. কাদেরর ১,০০০টি চেয়ার তৈরির উৎপাদন ব্যয় ২,৭৭,৫০০ টাকা।

**উত্তর ঘ:** ২৫% লাভে ১,০০০টি চেয়ারের বিক্রয়মূল্য বিবরণী নিম্নরুপ:

| বিবরণ | পরিমাণ (টাকা) | পরিমাণ (টাকা) |
|---|---|---|
| উৎপাদন ব্যয় (গ থেকে প্রাপ্ত) | ২,৭৭,৫০০ | |
| যোগ: বিক্রয় উপরিব্যয়: | | |
| বিজ্ঞাপন খরচ | ৫,০০০ | |
| মোট ব্যয় | | ২,৮২,৫০০ |
| যোগ: মুনাফা (মোট ব্যয়ের ২৫%) | | ৭০,৬২৫ |
| বিক্রয় মূল্য | | ৩,৫৩,১২৫ |

$$\text{প্রতিটি চেয়ারের বিক্রয় মূল্য} = \frac{৩,৫৩,১২৫}{১,০০০} \text{ টাকা}$$
$$= ৩৫৩ \text{ টাকা}$$

উত্তর: মি. কাদের ২৫% লাভ করতে চাইলে প্রতিটি চেয়ারের মূল্য নির্ধারণ করতে হবে ৩৫৩ টাকা।

## সৃজনশীল-৩

রাঙামাটির রনি একটি ব্যবসায় প্রতিষ্টা করতে চান। তিনি বিভিন্ন উপাদান বিশ্লেষন করে শহরের জনবহুল এলাকায় বিউটি পার্লার স্থাপন করেন। অন্যান্য পার্লারের তুলণায় তার পার্লারে গ্রাহকের ভিড় বেশি থাকে। কঠোর পরিশ্রম এবং মানসম্মত সেবা সরবরাহের মাধ্যমে তিনি পার্লারটির সফলতা নিশ্চিত করেন।

ক) প্রকল্প কী? ১
খ) প্রকল্প ধারণার উৎসসমূহ লেখ। ২
গ) রনি ম্যাক্রোস্ক্রিনিং-এর কোন উপাদান বিশ্লেষণ করেছেন ব্যাখ্যা কর। ৩
ঘ) রনির ব্যবসায়ে ম্যাক্রোস্ক্রিনিং বিশ্লেষন কতটা জরুরি ছিল বলে তুমি মনে কর? বর্ণনা দাও। ৪

## সৃজনশীল-৪

হামিম নিজ এলাকায় একটি মুদি দকোন প্রতিষ্ঠা করল। কিন্তু ক্রমাগত ক্ষতি হওয়ায় সে ব্যবসায় পরিবর্তন করে ফাস্টফুডের দোকান দেওয়ার কথা চিন্তাভাবনা করল। কোথায় পুঁজি বিনিয়োগ করলে তা থেকে অধিক মুনাফা আসবে তা সে চিন্তা করতে থাকলো। ব্যবসায় পরিবর্তনের ফলে তার প্রচুর লোকসান হলো। কারণ সে তার আগের ব্যবসায়ের সম আয়-ব্যায় বিশ্লেষণ করেনি। আয়-ব্যয় বিবরণী তৈরী করেনি।

ক) পরিকল্পনা কী? ১
খ) আয়-ব্যয় বিবরণী বলতে কী বোঝ? ২
গ) হামিম ব্যবসায় ক্ষতির কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ) হামিম অবশেষে বুঝতে পারল পরিকল্পনাবিহীন ব্যবসায় মাঝিবিহীন নৌকার মতো। মূল্যায়ন করো। ৪

জনাব ফরিদ একজন পাটের ব্যবসায়ী। তিনি খুব দক্ষ ব্যবসায়ী হিসাবে পরিচিত। পাট উঠার সময় কম দাম হওয়ার কারণে তিনি অনেক পাট কিনে বৃদ্ধির সময় বিক্রির জন্য জমা রাখেন। হঠাৎ অগ্নিকান্ডে সমস্ত পাট পুড়ে যায়। ফলে তার ব্যবসায়টি বন্ধ হয়ে যায়।

## সৃজনশীল-৫

গফুর সাহেব একজন উদ্যোক্তা। তিনি তার পারিপার্শ্বিক অবস্থা বিবেচনা করে সঠিকভাবে একটি ব্যবসায় প্রকল্প নির্বাচন করতে চান। এজন্য তিনি পণ্য বা সেবার চাহিদা সম্পর্কে ধারণা নিয়ে ব্যবসায় শুরু করেছেন।

ক) কোনটি ব্যবসায় প্রকল্প প্রণয়নের শেষ ধাপ? ১
খ) ব্যবসায় পরিকল্পনার দুইটি গুরূত্ব বর্ণনা কর। ২
গ) প্রকল্প ধারণা চিহ্নিতকরণ ব্যাখ্যা কর। ৩
ঘ) ‘গফুর সাহেব একজন সফল উদ্যোক্তা’-উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

## সৃজনশীল-৬

নাফিসের বড় চাচা ছাতক সিমেন্ট কারখানার একজন ইঞ্জিনিয়ার। স্কুলের ছুটিতে চাচা তাকে এবং তার চাচাত ভাই-বোনদেরকে সিমেন্ট কীভাবে তৈরি হয় দেখাতে নিয়ে গেলেন। নাফিস দেখল সেখানে হাজার হাজার পাথরের সমাবেশ। এসব পাথরই হচ্ছে সিমেন্ট তৈরির কাঁচামাল। বিভিন্ন প্রক্রিয়ায় এ পাথরকে সিমেন্টে রূপান্তরিত করা হয়।

ক. জাতীয় শিল্প নীতি ২০১০ অনুযায়ী শিল্প কয়ভাগে বিভক্ত? ১
খ. উৎপাদনমুখী শিল্প বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. নাফিসের দেখা শিল্প কারখানাটি কোন ধরনের শিল্প? বিশ্লেষণ কর। ৩
ঘ. বাংলাদেশের জাতীয় উন্নয়নে সিমেন্ট শিল্পের অবদান– মূল্যায়ন কর। ৪